গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-২ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.০৮২.৯৯.০০২.২১.২৫৯

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের ২০তম ব্যাচের কর্মকর্তা জনাব সোহেল আহমেদ পূর্ত অডিট অধিদপ্তরের মহাপরিচালক থাকাকালীন জার্মানির বার্লিনে অডিট কার্যক্রম পরিচালনাকালে অডিট সম্পাদন ব্যতিরেকে কর্মদিবসে সরকারি গাড়ি ব্যবহার করে জার্মানির দূরবর্তী তৃতীয় দেশ ভ্রমণ এবং অতিরিক্ত তিনদিন বার্লিনে অবস্থান করেন যা অসদাচরণ-এর সামিল। সঙ্গত কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) মোতাবেক অসদাচরণ (Misconduct) এর দায়ে ০২/২০২৫নং বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা গত ০৬-০১-২০২৬ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন। আত্মপক্ষ সমর্থনে গত ২৭-০১-২০২৬, ০৮-০২-২০২৬ ও ২২-০২-২০২৬ তারিখ শুনানীর জন্য দিন ধার্য করা হলেও অসুস্থ্যতাজনিত কারণে উপস্থিত হননি।

যেহেতু, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ তদন্তের জন্য সিজিএ কার্যালয়ের অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক মিজ্ ফারমীন মাওলাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে অনানুমোদিতভাবে স্টেশন ত্যাগ ও অডিট সম্পাদন ব্যতিরেকে কর্মদিবসে সরকারি গাড়ি ব্যবহার করে জার্মানির দূরবর্তী তৃতীয় দেশ ভ্রমণ এবং অতিরিক্ত তিনদিন বার্লিনে অবস্থান-এর দায়ে দোষী সাব্যস্ত করা হয়।

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭(৯) মোতাবেক কেন তাকে গুরুদন্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হয়।

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাবে অজান্তে কোন ভুল হয়ে থাকলে তার জন্য তিনি নি:শর্তভাবে ক্ষমা প্রার্থণা করেন। ভবিষ্যতে নিরীক্ষাকালে বিভিন্ন দেশ ভ্রমণ এবং নিরীক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বন করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন।

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন ও নথিতে রক্ষিত অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনায় তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) মোতাবেক অসদাচরণ (Misconduct) এর দায়ে দোষী এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য।

সেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের ২০তম ব্যাচের কর্মকর্তা জনাব সোহেল আহমেদকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) মোতাবেক অসদাচরণ (Misconduct) এর দায়ে একই বিধিমালার বিধি-৪(১)(ক) এ বর্ণিত বিধি অনুসরণক্রমে বিধি-৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত
৩০-০৭-২০২৬
(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
সচিব

নং-০৭.০০.০০০০.০৮২.৯৯.০০২.২১.২৫৯/১(১৩)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএজি কার্যালয়, ঢাকা
০৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। হিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ কার্যালয়, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অর্থ বিভাগ
০৭। জনাব সোহেল আহমেদ, সিনিয়র অর্থ নিয়ন্ত্রক, সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী)-এর কার্যালয়, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি), ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
০৮। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়
০৯। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ
১০। এডিশন্যাল চিফ কন্ট্রোলার অফ ডিফেন্স ফাইন্যান্স (সিভিল), এডিশন্যাল চিফ কন্ট্রোলার অফ ডিফেন্স ফাইন্যান্স (সিভিল)-এর কার্যালয়, ঢাকা
১১। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি অনুবিভাগ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩। অফিস কপি।

৩০/০৭/২০২৬

(তাহমিনা পারভীন)
উপসচিব